# বিশেষ ব্যবস্থার পরিচিতি

জানুয়ারী 2024

NORTHUMBRIA POLICE & CRIME COMMISSIONER

NORTHUMBRIA POLICE

CPS

পুলিশের কাছে ধর্ষণ বা যৌন নির্যাতনের নালিস করা বা নালিস করার কথা ভাবা অত্যন্ত কঠিন কাজ বলে মনে হতে পারে। আমরা আরও বুঝি যে কোনও মামলা আদালতে যাওয়ার ধারণা এবং আপনার সাথে কী ঘটেছে সে সম্পর্কে বিচারে কথা বলা ভীতিজনক এবং আতঙ্কজনক বলে মনে হতে পারে। এটি সাক্ষ্য প্রদান হিসাবে পরিচিত হতে পারে।

অতিরিক্ত সহায়তা রয়েছে যা আপনাকে আরও স্বাচ্ছন্দ্য বোধ করতে এবং এই প্রক্রিয়া চলাকালীন ভয় বা মানসিক চাপ হ্রাস করার চেষ্টা করতে প্রয়োগ করা যেতে পারে। এগুলিকে 'বিশেষ ব্যবস্থা' বলা হয় – অর্থাৎ সাক্ষ্য দেওয়ার ক্ষেত্রে আপনাকে সহায়তা করার ব্যবস্থা। আপনি যদি না চান তবে আপনাকে বিশেষ ব্যবস্থা ব্যবহার করতে হবে না, তবে এই গাইডটি আপনাকে আপনার কাছে উপলব্ধ বিকল্পগুলি এবং কীভাবে বিশেষ ব্যবস্থার জন্য আবেদন করা যেতে পারে এই প্রক্রিয়াটি অন্বেষণ করতে সহায়তা করবে।

## কার বিশেষ ব্যবস্থা পাওয়ার অধিকার আছে?

দুর্বল এবং সহজে ক্ষতিগ্রস্ত হতে পারেন এরূপ সাক্ষী এবং ভীত সাক্ষীরা বিশেষ ব্যবস্থা চাইতে পারেন:

- একজন দুর্বল এবং সহজে ক্ষতিগ্রস্ত হতে পারেন এরূপ সাক্ষীর মধ্যে রয়েছেন - 18 বছরের কম বয়সী ব্যক্তিরা; শারীরিক বা মানসিক অক্ষমতা বা দশাগ্রস্ত ব্যক্তি যা আদালতে তাদের সর্বোত্তম সাক্ষ্য দেওয়ার সক্ষমতাকে প্রভাবিত করতে পারে

- একজন ভীত সাক্ষীর মধ্যে রয়েছেন - যারা নির্দিষ্ট ধরনের অপরাধের অভিজ্ঞতা অর্জন করেছেন যার মধ্যে রয়েছে: ধর্ষণ এবং যৌন নিপীড়ন, আধুনিক দাসত্ব এবং অস্ত্র জড়িত অপরাধ। ভীত সাক্ষীদের মধ্যে এমন লোকও রয়েছেন যারা সাক্ষ্য দিতে ভীত বা বিপন্ন

অতএব, যদি আপনি যৌন নির্যাতনের শিকার হন তাহলে আপনি বিশেষ ব্যবস্থা চাইতে পারেন।



## আমি কোন ধরনের বিশেষ ব্যবস্থা চাইতে পারি?

**স্ক্রিন**

স্ক্রিন অথবা প্যানেলগুলি আদালতের প্রবেশদ্বার এবং সাক্ষীর কাঠগড়ার চারপাশে স্থাপন করা যেতে পারে। স্ক্রিনগুলি আপনাকে বিবাদী এবং পাবলিক গ্যালারিতে যে কাউকে দেখা থেকে আলাদা করবে, তাই তারা আপনাকে দেখতে পাবে না এবং আপনি তাদের দেখতে পাবেন না। আদালত কক্ষের অন্যান্য লোকেরা এরপরও আপনাকে দেখতে সক্ষম হবেন যেমন বিচারক, জুরি, আইনজীবী, ব্যারিস্টার এবং আদালতের কর্মীরা।

**গোপনে সাক্ষ্য দেওয়া**

আপনি আদালত কক্ষ থেকে এমন প্রত্যেককে চলে যেতে বলার কথা বলতে পারেন যাদের সেখানে থাকার দরকার নেই। অর্থাৎ জনসাধারণকে আদালতে ঢুকতে দেওয়া হবে না। এটি সাধারণত ব্যতিক্রমী, অত্যন্ত স্পর্শকাতর ক্ষেত্রে মঞ্জুর করা হয়।

**উইগ (পরচুলা) এবং গাউন অপসারণ**

আপনি যখন সাক্ষ্য দিচ্ছেন তখন বিচারক এবং ব্যারিস্টাররা তাদের পরচুলা এবং গাউন খুলে ফেলেন। এটি সাধারণত দুর্বল এবং সহজে ক্ষতিগ্রস্ত হতে পারেন এরূপ সাক্ষী হিসাবে শ্রেণীবদ্ধ লোকদের ক্ষেত্রেই ব্যবহৃত হয়।

**ইন্টারমিডিয়ারিগণ**

যদি আপনাকে একজন দুর্বল এবং সহজে ক্ষতিগ্রস্ত হতে পারেন এরূপ সাক্ষী হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়, তবে আপনাকে যে প্রশ্নগুলি জিজ্ঞাসা করা হচ্ছে সেগুলি সম্পূর্ণরূপে বুঝতে এবং উত্তর দেওয়ার জন্য যদি আপনার সাহায্যের প্রয়োজন হয় তবে একজন ইন্টারমিডিয়ারি তথা মধ্যস্থতাকারী আপনাকে সমর্থন করতে পারেন।

**যোগাযোগ সহায়ক উপকরণ**

যদি আপনাকে দুর্বল এবং সহজে ক্ষতিগ্রস্ত হতে পারেন এরূপ সাক্ষী হিসাবে শ্রেণীবদ্ধ করা হয় তবে যোগাযোগ সহায়তাগুলি আপনাকে প্রতীক বোর্ড বা অঙ্কনের মতো সহায়তাগুলি ব্যবহার করে আপনাকে যে প্রশ্নগুলি জিজ্ঞাসা করা হচ্ছে তা বুঝতে এবং উত্তর দিতে সহায়তা করতে পারে।

## আমি কোন ধরনের বিশেষ ব্যবস্থা চাইতে পারি?

### লাইভ লিংক

এই ব্যবস্থার অর্থ আপনি একটি একান্ত কক্ষ থেকে লাইভ ভিজ্যুয়াল লিঙ্কের মাধ্যমে সাক্ষ্য দিতে পারেন। এটি আদালত ভবনের মধ্যে একটি কক্ষ থেকে বা অন্য কোনও স্থান থেকে হতে পারে (দূরবর্তী সাক্ষ্য প্রদান কেন্দ্র)। যিনি আপনাকে প্রশ্নগুলো জিজ্ঞাসা করছেন আপনি তাকে দেখতে পাবেন, যেমন ব্যারিস্টার বা বিচারক। আপনি বিবাদীকে দেখতে পাবেন না কিন্তু আদালতের সবাই আপনাকে টেলিভিশনের লিংকে দেখতে পাবেন। অল্প সংখ্যক আদালতে দ্বৈত বিশেষ ব্যবস্থার জন্য প্রযুক্তি রয়েছে, যার অর্থ হলো টেলিভিশনের লিংকে আপনাকে দেখতে বিবাদীকে বাধা দেওয়া হবে। আপনি যদি না চান বিবাদী আপনাকে দেখুক, তবে আপনি আদালতে সাক্ষ্য দিতে এবং স্ক্রিনের জন্য আবেদন করতে পারেন (উপরে দেখুন)। দয়া করে আপনার মামলাটি নিয়ে কাজ করা পুলিশ অফিসারকে জিজ্ঞাসা করুন যে দ্বৈত বিশেষ ব্যবস্থা এমন একটি বিকল্প হবে কী যা আপনার স্থানীয় অঞ্চলে প্রয়োগ করা যেতে পারে।

### আগে রেকর্ডকৃত জেরা (ক্রস এগ্জামিন্যাশন) (ধারা 28 শুনানি হিসাবেও পরিচিত)

এই ব্যবস্থাটি কেবল 18 বছরের কম বয়সী, প্রতিবন্ধী (মানসিক বা শারীরিক), যৌন অপরাধের ভুক্তভোগী-বেঁচে থাকা ব্যক্তি বা আধুনিক দাসত্বের জন্য ক্রাউন কোর্টের মামলাগুলোর ক্ষেত্রে উপলব্ধ। এই ব্যবস্থাটি ম্যাজিস্ট্রেইটস আদালতে পাওয়া যায় না। আপনি এই ব্যবস্থার জন্য আবেদন করতে পারেন বিচারের আগে পৃথক একটি শুনানিতে আপনার জেরা রেকর্ড করার জন্য। এরপরে এটি বিচারের জুরির কাছে ফিরে আসবে, যা পরবর্তী তারিখের জন্য নির্ধারিত হবে, সেই সময়ে মামলার ফলাফলের সিদ্ধান্ত নেওয়া হবে। 28 ধারার শুনানিতে বিচারক, রাষ্ট্রপক্ষ (প্রসিকিউশন) ও বিবাদী পক্ষের ব্যারিস্টার এবং বিবাদী আদালত কক্ষে উপস্থিত থাকবেন। আপনি একটি ভিন্ন কক্ষ থেকে লাইভ টেলিভিশন লিঙ্কের মাধ্যমে আপনার সাক্ষ্য দেবেন।

28 ধারা সাক্ষীদের আগে সাক্ষ্য দিতে সহায়তা করার জন্য ব্যবহৃত হয়, অন্যথায় তাদেরকে স্বাভাবিক সময়ে সাক্ষ্য দিতে হতো। আদালত সাধারণত এটি সর্বদা 18 বছরের কম বয়সী এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ব্যবহার করবে। আপনি যদি যৌন বা আধুনিক দাসত্বের অপরাধের শিকার হন এবং মনে করেন যে আপনার যত তাড়াতাড়ি সম্ভব সাক্ষ্য দেওয়া দরকার, উদাহরণস্বরূপ আপনার মানসিক স্বাস্থ্যের উপর মামলার প্রভাবের কারণে, তাহলে এটি একটি বিকল্প যা আপনি অনুরোধ করতে পারেন।

**কি বিশেষ ব্যবস্থা উপলব্ধ হতে পারে সে সম্পর্কে আরও তথ্যের জন্য, দয়া করে এই সাইটটি দেখুন:**

WWW https://www.cps.gov.uk/rasso-guide/support-give-your-evidence-special-measures-0

## যখন আমি সিদ্ধান্ত নিব কোন বিশেষ ব্যবস্থা আমাকে সাহায্য করবে বলে আমি মনে করি এরপর কি হবে?

1) আপনি তদন্তের যেকোন পর্যায়ে আপনার মামলার ভারপ্রাপ্ত কর্মকর্তার (ওআইসি) সাথে কথা বলতে পারেন এবং তাদের জানাতে পারেন যে কোন বিশেষ ব্যবস্থাগুলি আপনাকে আদালতে সাক্ষ্য দিতে সহায়তা করবে বলে আপনি মনে করেন

2) পুলিশ অফিসার ক্রাউন প্রসিকিউশন সার্ভিসকে (সিপিএস) আপনি কোন বিশেষ ব্যবস্থা চান এবং কেন চান সে সম্পর্কে জানানোর জন্য একটি ফর্ম পূরণ করবেন

3) সিপিএস হলো সেই ব্যক্তিরা যারা তারপরে আপনি যে বিশেষ ব্যবস্থা চেয়েছেন তা ব্যবহারের অনুমতির জন্য এবং এটি আপনাকে কীভাবে সহায়তা করবে তা জানিয়ে আদালতে আবেদন করবেন

4) একজন বিচারক বিশেষ ব্যবস্থা মঞ্জুর করবেন কিনা সে সিদ্ধান্ত নেবেন। বিচারক কী সিদ্ধান্ত নিয়েছেন তা পুলিশ আপনাদের জানাবে। এসবই বিচারের আগে হওয়া উচিত

বিশেষ ব্যবস্থা আপনাআপনি মঞ্জুর করা হয় না - একজন বিচারক বিচারের আগে কোন বিশেষ ব্যবস্থা অনুমোদন করবেন সে সিদ্ধান্ত নেবেন।

সুতরাং এটি সত্যিই গুরুত্বপূর্ণ যদি আপনি ব্যাখ্যা করতে পারেন যে কেন আপনি মনে করেন যে উপলব্ধ বিশেষ ব্যবস্থাগুলির মধ্যে একটি আপনাকে সহায়তা করতে পারে যখন আপনি সাক্ষ্য দেবেন এবং কীভাবে এটি আপনার অংশ নিতে সক্ষম বোধ করার উপর ইতিবাচক প্রভাব ফেলতে পারে। আপনাকে আরও জিজ্ঞাসা করা হতে পারে যে কেন আপনি মনে করেন যে একটি বিশেষ ব্যবস্থা অন্যগুলোর চেয়ে আপনাকে বেশি সহায়তা করবে।

আপনার আইএসভিএ বা আইডিভিএ এবং পুলিশ অফিসার আপনাকে এই বিষয়ে সহায়তা করতে পারেন।

## কিভাবে আমার আইএসভিএ বা আইডিভিএ বিশেষ ব্যবস্থার ব্যাপারে সাহায্য করতে পারেন?

- আইএসভিএ বা আইডিভিএ আপনার সাথে বিশেষ ব্যবস্থা নিয়ে আলোচনা করতে পারেন এবং আপনার জন্যে কী উপলব্ধ হতে পারে তা বুঝতে আপনাকে সহায়তা করতে পারেন
- আপনার আইএসভিএ বা আইডিভিএ আপনার প্রয়োজন এবং ইচ্ছাগুলোর ব্যাপারে পরামর্শ দিতে পারেন এবং একটি বিশেষ ব্যবস্থা ব্যবহার করে সাক্ষ্য দেওয়ার মাধ্যমে আপনি কেন উপকৃত হবেন বলে মনে করেন তা ব্যাখ্যা করতে আপনাকে সহায়তা করতে পারেন
- আপনি যদি চান তবে আপনার আইএসভিএ বা আইডিভিএ পুলিশের সাথে বা নর্থামব্রিয়া ভিকটিম এবং উইটনেস সার্ভিস (এনভিডাব্লুএস) কোর্ট সাপোর্ট টিমের সাথে যোগাযোগ করতে পারেন যারা আপনার পক্ষ থেকে বিশেষ ব্যবস্থার জন্য আদালতে আবেদন করতে পারে

## কোন বিশেষ ব্যবস্থা আমাকে সাহায্য করবে বলে আমি মনে করি সে সম্পর্কে আমার মন পরিবর্তন করি তাহলে কি হবে?

কোন ব্যবস্থাটি আপনাকে সাক্ষ্য দিতে সহায়তা করবে বলে আপনি মনে করেন সে সম্পর্কে আপনার মন পরিবর্তন করলে কোন সমস্যা নেই। যদি এটি ঘটে থাকে তবে দয়া করে যত তাড়াতাড়ি সম্ভব আপনার মামলার ভারপ্রাপ্ত কর্মকর্তার (ওআইসি) সাথে কথা বলুন যাতে বিচারের আগে আরেকটি আবেদন করা যায়। এটি নিশ্চিত করতে সহায়তা করে যে যা মঞ্জুর করা হয়েছে তাতে যদি কোনও পরিবর্তন হয় তবে সময়মতো যেনো ব্যবস্থা করা যেতে পারে। আপনার আইএসভিএ বা আইডিভিএ আপনাকে ওআইসির সাথে আলোচনা করতে সহায়তা করতে পারেন।

**একটি স্ক্রিন এবং লাইভ লিঙ্ক রুম দেখতে কেমন হতে পারে তার উদাহরণ:**







## বিচারের আগে ভিজিট

একটি বিচারের আগে আপনি একটি প্রাক-বিচার ভিজিটে অংশ নিতে পারবেন। যাতে আপনি আদালত ভবন একবার দেখে নিতে পারেন এবং সুযোগ-সুবিধার সাথে নিজেকে পরিচিত করতে পারেন।

উইটন্যাস সার্ভিস আপনাকে একটি আদালত কক্ষ এবং আপনি আবেদন করতে পারেন এমন কিছু বিশেষ ব্যবস্থা দেখানোর ব্যবস্থা করতে পারে। উদাহরণস্বরূপ, তারা আপনাকে স্ক্রিনগুলি দেখতে কেমন তা দেখাতে পারে এবং আপনাকে লাইভ লিঙ্ক রুমগুলির একটিতে নিয়ে যেতে পারে। এটি আপনাকে সিদ্ধান্ত নিতে সহায়তা করতে পারে যে আপনি কোন বিশেষ ব্যবস্থার জন্য অনুরোধ করতে চান কিনা এবং যদি তাই হয় তবে কোনটি।

উইটন্যাস সার্ভিস আপনাকে উইটন্যাস স্যুটটি (সাক্ষীর জন্য বিশেষ কক্ষ) দেখাবে, যেটি সেই জায়গা যেখানে আপনি সাক্ষ্য দেওয়ার আগে অপেক্ষা করবেন এবং আপনাকে আদালত ভবনে প্রবেশের ব্যবস্থা করতে পারে একটি পৃথক, একান্ত প্রবেশদ্বারের মাধ্যমে যাতে আপনাকে বিচারের জন্য বিবাদীর মতো একই জায়গায় পৌঁছানোর বিষয়ে চিন্তা করতে না হয়।আপনি যদি প্রাক-বিচার ভিজিটে অংশ নিতে চান তবে দয়া করে আপনার আইএসভিএ বা আইডিভিএর সাথে কথা বলুন যারা সিটিজেন্স এডভাইস উইটন্যাস সার্ভিসের মাধ্যমে আপনার জন্য এটি ব্যবস্থা করতে পারেন। আপনি চাইলে তারাও আপনার সাথে উপস্থিত থাকতে পারবেন।

## উদাহরণসমূহ:

বেথ পুলিশের সঙ্গে যোগাযোগ করে জানান, তার প্রাক্তন পার্টনার তাকে ধর্ষণ করেছেন।

তারা যখন সম্পর্কের মধ্যে ছিলেন তখন তিনি শারীরিকভাবে নির্যাতনমূলক এবং নিয়ন্ত্রণকারীও ছিলেন। বেথ আদালতে গিয়ে তার সাথে যা ঘটেছিল তা নিয়ে কথা বলার বিষয়ে সত্যিই উদ্বিগ্ন বোধ করছিলেন এবং সে সম্পর্কে তার সন্দেহ হচ্ছিল তিনি এই অভিজ্ঞতার মধ্য দিয়ে যেতে সক্ষম হবেন কিনা।

বেথ তার প্রাক্তন পার্টনার এবং তার পরিবারের সদস্যদের মুখোমুখি হওয়ার বিষয়ে আতঙ্কিত ছিলেন যারা তার সাথে আসতে পারে কারণ তারাও তার প্রতি হুমকি দিচ্ছিল।

বেথ তার আইএসভিএকে ব্যাখ্যা করেছিলেন যে তিনি যদি আদালতে তার সাক্ষ্য দিতে পারেন তবে তিনি আরও স্বাচ্ছন্দ্য বোধ করবেন তবে পর্দার আড়াল থেকে, তাকে তার প্রাক্তন পার্টনার এবং পাবলিক গ্যালারী যেখানে তার পরিবার থাকতে পারে তা থেকে পৃথক করে।

বেথ বলেছিলেন যে যদিও এটা জানা কষ্টদায়ক হবে যে তারা সেখানে রয়েছে, তথাপি তিনি আরও নির্দ্বিধায় কথা বলতে সক্ষম হবেন এবং তারা তাকে দেখছে এই ভেবে তিনি ভয় পাবেন না। আইএসভিএ বেথকে পুলিশ অফিসারকে এটি ব্যাখ্যা করতে সহায়তা করেছিল যিনি সিপিএসকে এই তথ্য দিয়েছিলেন। তারা আদালতে আবেদন করেছিল, ব্যাখ্যা করেছিল যে কেন বেথ স্ক্রিন ব্যবহার করে উপকৃত হবেন এবং এটি মঞ্জুর করা হয়েছিল।

জেনিকে এক সহকর্মী ওয়ার্ক নাইট আউটে ধর্ষণ করে। তিনি পুলিশকে বিষয়টি জানান এবং তদন্তের পর সহকর্মীর বিরুদ্ধে অভিযোগ আনা হয় যার অর্থ তাকে সাক্ষ্য দিতে আদালতে হাজির হতে হবে।

জেনি সারা জীবন হতাশা এবং উদ্বেগ সহ মানসিক স্বাস্থ্যের সমস্যাগুলি অনুভব করেছিলেন। জেনি ব্যস্ত এবং জনাকীর্ণ পাবলিক স্পেইসগুলিতে বাইরে যাওয়ার বিষয়ে অত্যন্ত উদ্বিগ্ন বোধ করেছিলেন, বিশেষত এমন জায়গাগুলি যেখানে তিনি আগে কখনো যাননি।

বিভিন্ন ধরনের বিশেষ ব্যবস্থা সম্পর্কে তার আইএসভিএর সাথে কথা বলার পরে, জেনি অনুভব করেছিলেন যে তিনি আদালত ভবন থেকে দূরে দূরবর্তী সাক্ষ্য দিতে সবচেয়ে বেশি সক্ষম হবেন। জেনি ব্যাখ্যা করেছিলেন যে আদালতে সাক্ষ্য দেওয়ার জন্য অপেক্ষা করা মানে তা তার মানসিক স্বাস্থ্যের উপর অত্যন্ত নেতিবাচক প্রভাব ফেলবে।

জেনি বলেছিলেন যে অতীতে যখন তিনি উদ্বিগ্ন হয়ে পড়েছিলেন, তখন তিনি প্যানিক এটাকের শিকার অর্থাৎ  আতঙ্কগ্রস্ত হয়েছিলেন এবং অনুভব করেছেন যে তিনি শ্বাস নিতে পারছেন না। জেনি চিন্তিত ছিলেন যে তাকে ধর্ষণকারী লোকটির সাথে একই বিল্ডিংয়ে থাকার ফলে তা তার উদ্বেগ বাড়াবে। জেনি বলেছিলেন যে তিনি তার আইএসভিএর সাথে একটি পৃথক, ব্যক্তিগত ভবনে অপেক্ষা করবেন তা জেনে তিনি আরও স্বাচ্ছন্দ্য বোধ করবেন।

জেনির মামলার ভারপ্রাপ্ত কর্মকর্তা সিপিএসকে এটি ব্যাখ্যা করেছিলেন এবং তারা জেনিকে একটি দূরবর্তী সাক্ষ্য স্যুট (সাক্ষীর সুবিধার্থে পৃথক বিশেষ কক্ষ) থেকে লাইভ লিঙ্কের মাধ্যমে সাক্ষ্য দিতে বলেছিল। জেনির আইএসভিএ দূরবর্তী সাক্ষ্য স্যুটে প্রাক-বিচার ভিজিটের ব্যবস্থা করতেও সহায়তা করেছিলেন যাতে জেনি বিচারের আগে বিল্ডিংয়ের সাথে নিজেকে পরিচিত করতে পারেন এবং কী প্রত্যাশা করতে হবে সে সম্পর্কে তিনি যেনো আরও জানেন তা নিশ্চিত করতে।

# বিশেষ ব্যবস্থার পরিচিতি

NORTHUMBRIA POLICE & CRIME COMMISSIONER

NORTHUMBRIA POLICE

CPS